



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০৭.২৭.০০১.১৯.৫৫

তারিখ: ২১ আষাঢ় ১৪২৮

০৫ জুলাই ২০২১

অফিস আদেশ

চলতি বর্ষা মৌসুমে ও চলমান বন্যায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা নিয়ন্ত্রণ বাঁধ/নদীতীর সংরক্ষণ কাজ ও অন্যান্য অবকাঠামোসমূহ এবং জনসাধারণের জানমাল রক্ষার্থে আপদকালীন জরুরী কাজ বাস্তবায়নের প্রয়োজনীয়তা দেখা দেয়। উক্ত আপদকালীন জরুরী কাজ বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধি বা মনোনীত প্রতিনিধি সম্পৃক্ত করার বিষয়ে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় সদয় নির্দেশনা প্রদান করেছেন। উক্ত নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে আপদকালীন জরুরী কাজ বাস্তবায়ন করার নির্দেশ প্রদানের নিমিত্ত বাপাউবো'র সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলীগণকে নিম্নরূপ কমিটি গঠনের পরামর্শ প্রদান করা হলোঃ-

- (১) বাপাউবো'র নির্বাহী প্রকৌশলী - সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক;
- (২) জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার মনোনীত একজন প্রতিনিধি - সংশ্লিষ্ট কমিটির সদস্য
- (৩) স্থানীয় জনপ্রতিনিধি/মনোনীত প্রতিনিধি – সংশ্লিষ্ট কমিটির সদস্য হিসাবে ১ (এক) জন
- (৪) বাপাউবো'র উপ-বিভাগীয় প্রকৌশলী/শাখা কর্মকর্তা - সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিব

কমিটির কার্যপরিধিঃ

- কমিটি মাঠ পর্যায়ে চলমান জরুরী/আপদকালীন কাজের গুণগতমান নিয়ন্ত্রণ ও পরিমাণ নিরূপন করবেন।

মহাপরিচালক, বাপাউবো, ঢাকা মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

৫-৭-২০২১

মোঃ মনিরুল ইসলাম

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

ফোন: ০২-২২২২৩০১০০

ইমেইল:

ce.monitoring@bwdb.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার/পদমর্যাদার ক্রমানুসারে নয়):

- ১) প্রধান প্রকৌশলী, রাজশাহী/রংপুর/ফরিদপুর/বরিশাল/খুলনা/ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট
- ২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী সকল
- ৩) পরিচালক সকল
- ৪) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৫) পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৭) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৮) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ১০) পিএ টু অতিরিক্ত মহাপরিচালক(সকল), বাপাউবো, ঢাকা।



৫-৭-২০২১

মোঃ মনিরুল ইসলাম

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)